

SAMPLE QUESTION PAPER

SUBJECT - BENGALI

FULL MARKS - 80

CODE - (005)

CLASS - X

SESSION - 2019 - 2020

ClassResult.in

প্রশ্নপত্রে চারটি বিভাগ আছে:

‘ক’ বিভাগ - বোধ পরীক্ষণ

‘খ’ বিভাগ - নির্মিতি

‘গ’ বিভাগ - ব্যাকরণ

‘ঘ’ বিভাগ - সাহিত্য ও সহায়ক পাঠ।

The question paper is divided into four sections:

SECTION A : Reading (comprehension)

SECTION B : Writing (Composition)

SECTION C : Grammar

SECTION D : Literature (Text Books and Supplementary Readers)

ClassResult.in

Class - X (2019 - 20)
Subject : Bengali

সময় : ৩ ঘণ্টা

Time : 3hrs.

Maximum Marks :80

Section - A Reading (Comprehension)
(বোধপরীক্ষণ)

1. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও: 1×5=5
- মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের খাজাপিঞ্জির কাজ করতেন যদুনাথ চট্টোপাধ্যায়। ঠাকুরবাড়ির সঙ্গে তাই তাঁর ভালমতোই যোগাযোগ ছিল। তাঁর মামাতো ভাইয়ের আর্থিক অসচ্ছলতার জন্য পড়াশোনা যখন সংকটের মুখে, তখন যদুনাথ ভাইকে নিয়ে যান রবীন্দ্রনাথের কাছে, কিছু সাহায্যের প্রার্থনা নিয়ে। রবীন্দ্রনাথ তৎক্ষণাৎ সেই দরিদ্র বালকের লেখাপড়ায় সহায়তা করেছিলেন তার জন্য মাসিক বৃত্তির ব্যবস্থা করে। ভেবে অবাক হই, সেই বালকের চেয়ে রবীন্দ্রনাথ ছিলেন মাত্রই ছয় বছরের বড়। এই দরিদ্র বালক আর কেউ নয়, হরিচরণ বন্দ্যোপাধ্যায়। হরিচরণ নিজেই এই বৃত্তান্ত বর্ণনা করেছেন তাঁর আত্মকথায়। এই বৃত্তি হরিচরণের কাছে প্রায় ঈশ্বরপ্রেরিত। তিনি লিখেছেন - ‘কবির প্রদত্ত এই বৃত্তি আমাকে কত যে আনন্দ, কত উৎসাহ, কত আশা দিয়েছিল, তাহা অনুমানেরই বিষয়, বলিবার নয়। ভবিষ্যৎ জীবনে যাহা-কিছু বিদ্যালোভ হইয়া ছিল এই বৃত্তিই তাহার ভিত্তি’। সেদিনের সেই দরিদ্র বালককেই বছর পাঁচশেক পরে রবীন্দ্রনাথ মনোনীত করেন ‘বাংলায় একখানি অভিধান’ রচনার উপযুক্ত ব্যক্তি হিসেবে। হরিচরণ তখন ‘সংস্কৃত প্রবেশ’ নামে একটি সহজ সংস্কৃত প্রবেশিকা রচনা করছিলেন, ওই পুস্তকটির রচনায় রবীন্দ্রনাথেরও হাত ছিল, পরিকল্পনা ছিল।
- a) যদুনাথ চট্টোপাধ্যায় কী কাজ করতেন?
b) যদুনাথ চট্টোপাধ্যায়ের মামাতো ভাইএর নাম কী?
c) রবীন্দ্রনাথ মনোনীত বইটির নাম কী?
d) ‘সংস্কৃত প্রবেশ’ নামক গ্রন্থটির রচয়িতা কে?
e) চলিত ভাষায় লেখ:
- ভবিষ্যৎ জীবনে যাহা কিছু বিদ্যালোভ হইয়াছিল, এই বৃত্তিই তাহার ভিত্তি।
2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও: 1×5=5

শিবু যেদিন প্রথম ইস্কুলে এসে ভর্তি হলো, কে এত কথা ভাবতে পেরেছিল? দেখতে ছোটো, রোগা, ময়লা, মাথার চুল কদম ফুলের মত ছাঁটা, টিলে পাজামার ওপর জিনের কোট চাপানো পায়ে নোংরা নাগরা। ওকে দেখে বিরিঞ্চি এ্যান্ড কোম্পানী তো হেসেই বাঁচে না। বিরিঞ্চি দেখতে সুন্দর, বড়লোকের ছেলে তার উপর থ্রি থেকে বরাবর ফাস্ট হয়ে আসছে। কিন্তু কোনো দেমাক নেই; তাই সেই প্রথম গায়ে পড়ে আলাপ করল শিবুর সঙ্গে।

শিবুর বাবা চাকরি করেন কোন এক পল্টনে..... সেখানেই শিবুর জন্ম এবং তেরো বছর যাপন। ফলে সে বাংলাটা বলে ভাঙা ভাঙা, কিন্তু তার মুখে ইংরেজির খই ফোটে। বিরিঞ্চির বিশুদ্ধ বঙ্গ ভাষা শিবু যতটা বুঝতে পেরেছিল, শিবুর সাহেবি ঘেঁষা ইংরেজি বিরিঞ্চি বুঝেছিল তার চেয়ে ঢের কম। শনিবার থার্ড পিরিয়ডে ইংরাজী মাস্টারমশায় ক্লাসে নতুন মুখ দেখে শিবুর নাম জিজ্ঞাসা করলেন, শিবু উঠে দাঁড়িয়ে গভীরভাবে বললে, ‘বিদা রায়’।

অমনি সবাই হো হো করে হেসে উঠলো। যাক সেদিনকার মত ব্যাপারটা সেখানেই মিটলো। বিরিঞ্চি মনে মনে একটু খুশি হলো। এক সপ্তাহ ঠিকঠাক চললো। কিন্তু শিবু একটুও ঘাবড়ালো না। পরের শনিবার ইংরাজী ক্লাসে শিবু তুখড় ইংরাজীতে স্যারকে বললো, ‘কথাটা কাপ বোর্ড নয় স্যার ওটা কাবার্ড।’

এইবার মাস্টারমশায়ের কান ঝাঁ ঝাঁ করার পালা। রীতিমত চোটে গিয়ে তিনি বললেন, ‘তোমার ভারি সাহস তো হে ছোকরা, আমার ভুল ধরতে আসো! রোসো মজা দেখাচ্ছি। তোমাকে আজ বেত না খাইয়েছি তো আমি চাকরিই ছেড়ে দেব!’ বলে রাগে গজ গজ করতে করতে ঘর থেকে বেরিয়ে গেলেন। ছেলেরা সব হতভম্ব; বিরিঞ্চিও বাস্তবিক দুঃখিত হয়েছিল।

- শিবুকে দেখতে কেমন ছিল ?
 - তার পোশাক কেমন ছিল ?
 - শিবুর বাবা কোথায় চাকরী করতেন ?
 - সেখানে শিবু কতবছর ছিল ?
 - বাক্য রচনা কর: মাস্টারমশাই
3. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও: 1×5=5

সকালবেলাটি বড় মনোরম। বড় সুন্দর। দোতলার ঘর থেকে জানালা দিয়ে বাইরে চেয়ে হরিবাবুর মনটা খুব ভাল হয়ে গেল। বাগানে হাজার রকম গাছগাছালি। পাখিরা ডাকাডাকি করছে, শরৎকালের মোলায়েম সকালের ঠান্ডা রোদে চারদিক ভারী ফটফটে। উঠোনে

রামরতন কাঠ কাটছে। বুড়ি ঝি বুধিয়া পশ্চিমের দেয়ালে ঘুঁটে দিচ্ছে। টমি কুকুর একটা ফড়িঙের পিছনে ছোট্টাছুটি করছে। লকড়িঘরের চালে গম্ভীরভাবে বসে আছে বেড়াল ঝুমঝুমি। নীচের তলায় পড়ার ঘর থেকে হরিবাবুর ছেলে আর মেয়ের তারস্বরে পড়ার শব্দ আসছে। আর আসছে রান্নাঘর থেকে লুচি ভাজার গন্ধ। তিনি শুনেছেন, আজ সকালের জলখাবারে লুচির সঙ্গে ফুলকপির চচ্চড়িও থাকবে। হরিবাবু দাড়ি কামিয়েছেন, চা খেয়েছেন, লুচি খেয়ে বেড়াতে বেরোবেন। আজ ছুটির দিন।

ক'দিন ধরে হরিবাবুর মন ভাল নেই। তিনি ভাল রোজগার করেন। তাঁর কোনও রোগ নেই। সকলের সঙ্গেই তাঁর সদ্ভাব। কিন্তু তাঁর একটি গোপন শখ আছে। বাইরে তিনি যা-ই হোন, ভিতরে ভিতরে তিনি একজন কবি। তবে তাঁর কবিতা কোথাও ছাপা হয়নি তেমন। কিন্তু তাতে দমে না গিয়ে তিনি রোজ অনবরত লিখে চলেছেন কবিতার পর কবিতা। এ যাবৎ গোটা কুড়ি মোটামোটা খাতা ভর্তি হয়ে গেছে।

- কোন ঋতুর কথা এখানে বলা হয়েছে?
- বুধিয়া কি কাজ করছে?
- নীচের তলার পড়ার ঘর থেকে কিসের শব্দ আসছে?
- হরিবাবুর গোপন শখটি কি?
- সন্ধি বিচ্ছেদ কর: সদ্ভাব

Section - B

(নির্মিত রচনা)

Writing (Composition)

- পূজার সময় একটি দিন তুমি পথ শিশুদের সাথে কাটিয়েছ। সেই অভিজ্ঞতার কথা জানিয়ে তোমার ছোট ভাইকে একটি চিঠি লেখ। 5

অথবা

“এসো গাছকে বন্ধু করি”— কর্মসূচীতে বিদ্যালয়ের পক্ষ থেকে অংশগ্রহণ করতে পেরে কেমন লেগেছে - এ বিষয়ে বন্ধুকে একটি পত্র লেখ।

- নীচের যে কোন একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা কর: 5
 - কম্পিউটার: একটি বিস্ময়কর আবিষ্কার
 - সমুদ্র তীরে সূর্যোদয়
 - তোমার চোখে ভবিষ্যৎ পৃথিবী

Section - C (ব্যাকরণ)

(Grammar)

6. প্রয়োজন মত সন্ধি কর অথবা সন্ধি বিচ্ছেদ কর: (পাঁচটি) 1×5=5
- i) জগজ্জননী
 - ii) পুরঃ + কার
 - iii) ষট্ + মাস
 - iv) নিস্তার
 - v) চতুঃ + বেদ
 - vi) অহঙ্কার
 - vii) মিশি + কালো
 - viii) যদি
7. ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখ: (পাঁচটি) 1×5=5
- মিষ্টান্ন, দুর্ভিক্ষ, যথারীতি, জীবনযুদ্ধ, উপগ্রহ, গুরুশিষ্য, ছাত্রজীবন, গানবাজনা
8. নির্দেশানুসারে বাক্য পরিবর্তন কর: (যে কোনো পাঁচটি) 1×5=5
- a) যে অক্লান্ত পরিশ্রম করে সে-ই সাফল্য পায় (সরল বাক্যে)
 - b) বিদ্বান ব্যক্তিকে সকলেই শ্রদ্ধা করে। (জটিল বাক্যে)
 - c) সে বাড়ি গিয়ে মাকে সব কথা বলল। (যৌগিক বাক্যে)
 - d) তিনি ব্রুহ্ম হন কিন্তু সেই ক্রোধ অধিকক্ষণ থাকে না। (জটিল বাক্যে)
 - e) ভাল খেলল কিন্তু তারা জয়লাভ করতে পারল না। (সরল বাক্যে)
 - f) সন্ধের পর হরিহরকে জিনিসপত্র নিয়ে বাইরে যেতে হল। (যৌগিক বাক্যে)
 - g) জঙ্গলে যখন আগুন লাগে তখন হয় মজা। (সরল বাক্যে)
9. নির্দেশানুসারে সাধু কিংবা চলিতভাষায় রূপান্তরিত কর: (যে কোনো পাঁচটি) 1×5=5
- a) মাঠের পথে দলটা গাঁয়ে ফিরে চলেছে। (সাধু ভাষা)
 - b) সেই সময় রাজা মান ঘোড়ায় চড়ে সেই রাস্তায় উপস্থিত হলেন। (সাধু ভাষা)
 - c) অপু মায়ের কোলে আসিয়া বসিয়া পড়ে। (চলিত ভাষা)

- d) যাত্রীরা সকলেই জিজ্ঞাসা করিয়া উঠিল-কী! কী! (চলিতভাষা)
- e) রাস্তা বন্ধ করতে পারল না কোম্পানি। (সাধু ভাষা)
- f) আমি দাঁড়াইয়া কবির কাণ্ড অনেকক্ষণ দেখিলাম। (চলিত ভাষা)
- g) বালিয় ও দেব বড় বড় হাতি দেখে অবাক হল। (সাধু ভাষা)
- h) তাঁহার সকল কথাতেই আমি রাজী হইলাম। (চলিত ভাষা)

Section - D

সাহিত্য (পাঠ্যপুস্তক ও সহায়ক গ্রন্থ)

Literature (Text book and Supplementary Reader)

10. 'তোর জামাটা খুলে আমারটা পর'— 1+1+3=5
- a) কোথা থেকে নেওয়া?
 - b) কে কাকে এই কথা বলেছে?
 - c) কেন তারা জামা অদলবদল করতে চেয়েছিল?

অথবা

'সেবা করতে বড়ো ভালোবাসে, বিশেষত সেবার পাত্র বা পাত্রী যদি অসহায় হয়—

- a) কোথা থেকে নেওয়া?
 - b) কার সম্পর্কে এই মন্তব্যটি করা হয়েছে?
 - c) তাঁর সেবাপরায়ণতার কথা দুটি ঘটনার মধ্যে দিয়ে তুলে ধর।
11. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ: 5
- “ধনজন যৌবন কিছুই নয় জগদীশবাবু। ওসব হলো সুন্দর সুন্দর এক একটি বধুণা।”—

অথবা

‘রত্নের মূল্য জঙ্ঘরির কাছেই।’

12. সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ: (MCQ) (যে কোনো পাঁচটি)
- a) “মা তখন ওকে বেকায়দায় ফেলার জন্য বললেন।” কী বলেছিলেন? 1×5=5
 - i) ইসাবের মতো তাকেও বাবার কাছে মার খেতে হবে।

- ii) প্রতিদিন রাত এগারোটা পর্যন্ত পড়তে হবে।
- iii) ক্ষেতে কাজ করতে হবে।
- b) বাইজির ছদ্মবেশে হরিদার রোজগার হয়েছিল—
- i) আট টাকা আট আনা
- ii) আট টাকা দশ আনা
- iii) দশ টাকা চার আনা
- c) তপন মামাবাড়িতে এসেছিল—
- i) পড়াশোনার উদ্দেশ্যে
- ii) বেড়ানোর জন্য
- iii) বিয়ে উপলক্ষ্যে
- d) ‘বড়ো মানুষের কাণ্ডের খবর আমি কেমন করে শুনব?’ বড়ো মানুষটি হলেন—
- i) জগদীশ বাবু
- ii) অনাদি
- iii) ভবতোষ
- e) ‘কে শোনে তার কথা?’ — তার বলতে—
- i) মাসির
- ii) মেসোর
- iii) তপনের
- f) ‘ঠিক ইসাবের মতো জামাটি না পেলো’ অমৃত কোথায় যাবে না বলে মাকে জানিয়েছিল?
- i) মাঠে
- ii) স্কুলে
- iii) বেড়াতে
- g) ‘আমাদের থাকলে আমরাও চেষ্টা করে দেখতাম।’ বক্তা তপনের
- i) মেজোকাকু
- ii) বাবা

iii) মাসি

h) জগদীশবাবুর বাড়িতে সন্ন্যাসী ছিলেন—

i) তিন দিন

ii) সাত দিন

iii) পাঁচ দিন

13. প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখ:

5

বনভূমির ওপারে কোনো মনোভূমির দ'য়,
ফুসুর ফাসুর ঘুসুর ঘাসুর স্বপ্নে কথা কয়।

অথবা

তোমার পানি আর আমার জল

জীবনের জন্যে

একসঙ্গে একাকারে ভরে নিই।”

14. “বর্ম খুলে দ্যাখো আদুড় গায়ে”:

1+1+3=5

a) কার লেখা কোন্ কবিতার অন্তর্গত?

b) ‘আদুড়’ শব্দটির অর্থ কী?

c) উক্তিটির তাৎপর্য লেখ।

অথবা

‘আমরা ভিখারি বারোমাস’

a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত?

b) ‘আমরা’ বলতে কাদের কথা বলা হয়েছে?

c) উক্তিটির তাৎপর্য লেখ।

15. ‘তুমি দীর্ঘজীবী হও, পৃথিবীর রাজা হও।’

1+2+2=5

a) বক্তা কে?

b) বক্তা কাকে কেন একথা বলেছেন?

c) বক্তা আর্শীবাদ স্বরূপ তাকে কী কী দিয়েছিলেন?

অথবা

‘প্রথম দিনকতক সুভাগা বৃদ্ধের জন্য কেঁদে কেঁদে কাটালেন’ —

- a) বৃদ্ধ কে?
- b) সুভাগার পরিচয় দাও?
- c) বৃদ্ধের মৃত্যুর পর সুভাগা কিভাবে দিন কাটাতো?

16. সঠিক উত্তরটি নির্বাচন কর : (MCQ) (যে কোনো পাঁচটি)

1×5=5

- a) সূর্যমন্দিরটি কোথায় অবস্থিত ছিল—
 - i) বল্লভীপুর
 - ii) চিতোর
 - iii) শ্যামনগর
- b) ভীলরা কতদিন পর্যন্ত রাজপুত রাজাদের অত্যাচার সহ্য করেছিল?
 - i) ১০ পুরুষ
 - ii) ৭ পুরুষ
 - iii) ৮ পুরুষ
- c) গায়েব গায়েবীকে মন্দিরে বন্ধ রেখে পৃথিবী জয় করতে গেলেন—
 - i) তিন ঘোড়ার রথে চড়ে
 - ii) সাত ঘোড়ার রথে চড়ে
 - iii) পাঁচ ঘোড়ার রথে চড়ে
- d) “পিঁড়িখানি অনেকদিন শূন্য পড়েছিল” — কারণ
 - i) মাভলিক নিঃসন্তান ছিলেন
 - ii) মাভলিকের সন্তানেরা মারা গিয়েছিল।
 - iii) মাভলিকের সন্তানেরা দেশত্যাগী হয়েছিল
- e) রাণী পুষ্পবতীর প্রিয়সখীর নাম কী ছিল?
 - i) কমলাবতী
 - ii) চন্দ্রাবতী
 - iii) ইন্দুমতি
- f) রাজকুমারীর সখিরা কিসের বদলে বাপ্পার কাছে একগাছা দড়ি চাইতে এসেছিল—
 - i) বালা
 - ii) হার

- iii) নূপুর
- g) পুষ্পবতী কোথাকার কন্যা ছিলেন?
 - i) মালিয়া পাহাড়
 - ii) চন্দ্রাবতী
 - iii) বীরনগর
- h) মালিকের ভাই কতবছর পর রাজ্যে ফিরে এলেন?
 - i) আট বছর
 - ii) বারো বছর
 - iii) দশ বছর

ClassResult.in